



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০১.২২(অংশ-১)- ৩৪৭৬/০২

তারিখ: ২ ফেব্রুয়ারি ২০২৪খ্রি.

বিষয়: মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২১ ফেব্রুয়ারি-২০২৪ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে এ অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান (ইংলিশ মিডিয়াম স্কুলসহ) ও দপ্তরসমূহ নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র. নং	কর্মসূচি
১.	মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান (ইংলিশ মিডিয়াম স্কুলসহ) ও দপ্তরসমূহে সঠিক নিয়মে সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে জাতীয় পতাকা অর্ধনমিত অবস্থায় উত্তোলন এবং সূর্যাস্তের সময় জাতীয় পতাকা নামাতে হবে।
২.	সকল শিক্ষা প্রতিষ্ঠান (ইংলিশ মিডিয়াম স্কুলসহ) ও দপ্তরসমূহে ২১ ফেব্রুয়ারি-২০২৪ তারিখ (বুধবার) প্রভাতে ৫২'র ভাষা আন্দোলনে শহিদদের স্মৃতির উদ্দেশ্যে শহিদ মিনারে শ্রদ্ধা জ্ঞাপন করবে।
৩.	যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সকল শিক্ষা প্রতিষ্ঠান (ইংলিশ মিডিয়াম স্কুলসহ) স্ব-স্ব কর্মসূচি গ্রহণ করবে।
৪.	শিক্ষার্থীরা দিবসটির সাথে সংগতি রেখে কবিতা, গল্প ও সৃজনশীল লেখা লিখে এবং ছবি একে শেখ রাসেল দেয়ালিকায় উপস্থাপন করবে।

  
২০/০২/২০২৪  
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)  
ফোন: ০২-২২৩৩৫০০৬৮  
[ad-admin@dshe.gov.bd](mailto:ad-admin@dshe.gov.bd)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. পরিচালক (কলেজ) ও প্রশাসন/মাধ্যমিক/পরিচালনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩. প্রকল্প/ক্রিম পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/পরিচালক, এইচএসটিটিআই (সকল);
৫. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (ইংলিশ মিডিয়াম স্কুলসমূহ যেন যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করে সে বিষয়ে বিশেষভাবে তদারকি করার অনুরোধসহ);
৭. জেলা শিক্ষা অফিসার, (সকল জেলা);
৮. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি বিদ্যালয়, (সকল);
৯. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল);
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১২. সংরক্ষণ নথি।